গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
কর পরিদর্শন পরিদপ্তর
রাজস্ব ভবন, ০৮ তলা (লিফট-৭)
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

নথি নং: ১ই(২০৯)ডি.আই.টি/২০২৩-২০২৪/ ৩৭৪৬ তারিখ: ০৭/০৫/২০২৪ খ্রি.

**বিষয়: শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী কর পরিদর্শন পরিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ সিরাজুল করিম
মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।

সভার স্থান : মহাপরিচালকের কার্যালয়, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা সম্মেলন কক্ষ।

তারিখ : ০৭/০৫/২০২৪ খ্রি.

সময় : সকাল ১১.০০ ঘটিকায়

শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর অনুচ্ছেদ ৬.৩ অনুযায়ী কর পরিদর্শন পরিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটি গঠন করা হয়। সভায় বাছাই কমিটির নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১। | জনাব মোঃ সিরাজুল করিম,<br>মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা। | সভাপতি |
| ০২। | মিজ্ রুখসানা হক<br>অতিরিক্ত মহাপরিচালক, পরিদর্শন- ১ কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ০৩। | জনাব শাওন চৌধুরী<br>অতিরিক্ত মহাপরিচালক, পরিদর্শন- ২, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ০৪। | জনাব মোঃ শফিউল ইসলাম<br>অতিরিক্ত মহাপরিচালক, পরিদর্শন- ৩, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ০৫। | মিজ্ ফারহানা শেখ<br>উপ মহাপরিচালক (প্রশাসন), কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা। | সদস্য সচিব |

সভায় সভাপতি জনাব মোঃ সিরাজুল করিম, মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বিস্তারিত আলোচনার জন্য সদস্য সচিব মিজ্ ফারহানা শেখ, উপ মহাপরিচালক (প্রশাসন), কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা কে অনুরোধ জানালে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**আলোচনা:** সদস্য সচিব সভায় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ বিস্তারিতভাবে তুলে ধরেন। আলোচ্য নীতিমালার অনুচ্ছেদ ৩.৩ অনুসারে দপ্তর/সংস্থা পর্যায়ে নিম্নবর্ণিত ক্যাটিগরিতে পুরস্কার প্রদানের বিধান প্রবর্তিত হয়েছে এবং অনুচ্ছেদ-৭ অনুসারে পুরস্কারের মান নির্ধারণ করা হয়েছে:

| ক্রমিক | কর্মচারীর গ্রেড | পুরস্কারযোগ্য কর্মচারীর সংখ্যা | পুরস্কারের মান |
|---|---|---|---|
| ১ | গ্রেড-২ হতে গ্রেড-৯ | ০১(এক) জন | মন্ত্রিপরিষদ বিভাগ এর নির্ধারিত ফরম্যাটে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ। তবে, যে মাসে পুরস্কারের জন্য বিবেচিত হবেন তার পূর্ববর্তী মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পুরস্কার হিসেবে প্রাপ্য। |
| ২ | গ্রেড-১০ হতে গ্রেড-১৬ | ০১(এক) জন | |
| ৩ | গ্রেড-১৭ হতে গ্রেড-২০ | ০১(এক) জন | |

CamScanner

০২। পুরস্কারপ্রাপ্তির যোগ্যতা নির্ধারণে নিম্নবর্ণিত শর্তসমূহ বিবেচনা করতে হবে:

(ক) বর্ণিত নীতিমালার অনুচ্ছেদ ৫.১ অনুসারে বিবেচ্য কর্মচারীকে ন্যূনতম ৬(ছয়) মাস সংশ্লিষ্ট কার্যালয়ে চাকরি করতে হবে।

(খ) নীতিমালার অনুচ্ছেদ ৫.২ অনুসারে পুরস্কারের সূচকসমূহের বিপরীতে যথাসম্ভব প্রমাণকের ভিত্তিতে ক্যাটাগরি অনুযায়ী সর্বোচ্চ নম্বরপ্রাপ্তকে পুরস্কার প্রদান করা হবে।

(গ) অনুচ্ছেদ ৫.৩ অনুসারে সর্বনিম্ন প্রাপ্য নম্বর ৮০ হতে হবে।

(ঘ) অনুচ্ছেদ ৫.৪ অনুযায়ী কোন কর্মচারীর বিরুদ্ধে অভিযোগ তদন্তাধীন/বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান থাকলে/মামলায় শাস্তিপ্রাপ্ত হলে পুরস্কারের জন্য বিবেচনা করা হবে না।

(ঙ) অনুচ্ছেদ ৫.৫ অনুযায়ী একাধিক কর্মচারীর প্রাপ্ত নম্বর একই হলে যৌথভাবে সেরা কর্মচারী নির্বাচন করা হবে এবং প্রত্যেকে পৃথকভাবে পুরস্কৃত হবেন।

(চ) কোন কর্মচারী একবার শুদ্ধাচার পুরস্কার পেলে বদলি, পদোন্নতি বা অন্য কোন কারণে কার্যালয় পরিবর্তিত হলেও তিনি পরবর্তী ৩ (তিন) বছরের মধ্যে পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

০৩। বর্ণিত নীতিমালার অনুচ্ছেদ ৪ ও ৫ এর ভিত্তিতে কর পরিদর্শন পরিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের মূল্যায়ন সূচক (পরিশিষ্ট-'ক') বিবেচনাপূর্বক বাছাই কমিটির সকল সদস্যের মতামতের ভিত্তিতে ২০২৩-২০২৪ অর্থ বছরে কর পরিদর্শন পরিদপ্তরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য উল্লিখিত ৩টি ক্যাটাগরিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত মোট ৫ জন কর্মচারীর নাম নিম্নোক্তভাবে চূড়ান্ত করা হয়। উল্লেখ্য, বর্ণিত নীতিমালার অনুচ্ছেদ ৫.৫ অনুসারে ২টি ক্যাটাগরিতে প্রাপ্ত নম্বর একই হওয়ায় যৌথভাবে সেরা কর্মচারী নির্বাচন করা হয়েছে।

(ক) গ্রেড-২ হতে গ্রেড-৯:

(১) সভায় নীতিমালা অনুযায়ী গ্রেড-২ হতে গ্রেড-৯ ভুক্ত কর্মকর্তা/কর্মচারী পর্যায়ে প্রণীত মূল্যায়ন সূচক ও প্রাপ্ত নম্বরের ভিত্তিতে জনাব রুখসানা হক, অতিরিক্ত মহাপরিচালক (গ্রেড ৪), পরিদর্শন-১, কর পরির্দশন পরিদপ্তর, ঢাকাকে সেরা কর্মচারী হিসেবে মনোনয়নের বিষয়ে বাছাই কমিটির সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তার প্রাপ্ত নম্বর নিম্নে প্রদত্ত হলো:

কর্মকর্তার নাম: জনাব রুখসানা হক (গ্রেড ৪):

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতা | ১০ | ১০ |
| ২. | সেবাগ্রহীতাদের সেবা প্রদান | ১০ | ৯ |
| ৩. | পেশাগত দক্ষতা ও তথ্য প্রযুক্তির ব্যবহার | ১০ | ৮ |
| ৪. | অধস্তন কর্মচারীদের তত্ত্বাবধান ও পরিবীক্ষণ | ১০ | ১০ |
| ৫. | দলগত কাজে সমন্বয় | ১০ | ১০ |
| ৬. | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ | ১০ |
| ৭. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে তৎপরতা | ১০ | ৯ |
| ৮. | কর্তব্যনিষ্ঠা ও স্ব-প্রণোদিত উদ্যোগ | ১০ | ১০ |
| ৯. | উদ্ভাবন ও সংস্কার কার্যক্রমে আগ্রহ | ১০ | ৯ |
| ১০. | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ | ১০ |
| | মোট | ১০০ | ৯৫ |

(খ) গ্রেড-১০ হতে গ্রেড-১৬:

(১) সভায় নীতিমালা অনুযায়ী গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত কর্মকর্তা/কর্মচারী পর্যায়ে প্রণীত মূল্যায়ন সূচক ও প্রাপ্ত নম্বরের ভিত্তিতে জনাব অন্তরা সরকার, কর পরিদর্শক (গ্রেড ১০), কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা ও জনাব বিধান সরকার,

সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড ১৩), কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা কে সেরা কর্মচারী হিসেবে যৌথভাবে মনোনয়নের বিষয়ে বাছাই কমিটির সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উভয়ের প্রাপ্ত নম্বর নিম্নে প্রদত্ত হলো:

কর্মচারীর নাম: জনাব অন্তরা সরকার (গ্রেড ১০):

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতা | ১০ | ১০ |
| ২. | সেবা প্রদানে দক্ষতা | ১০ | ৯ |
| ৩. | সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ১০ | ১০ |
| ৪. | উদ্ভাবন ও সংস্কারমূলক কাজে আগ্রহ | ১০ | ৮ |
| ৫. | কম্পিউটার ব্যবহার ও ই-কমিউনিকেশনে দক্ষতা | ১০ | ৮ |
| ৬. | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ | ১০ |
| ৭. | নথি ব্যবস্থাপনায় দক্ষতা | ১০ | ৮ |
| ৮. | দাপ্তরিক গোপনীয়তা রক্ষা | ১০ | ১০ |
| ৯. | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ | ১০ |
| ১০. | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ | ১০ |
| | মোট | ১০০ | ৯৩ |

কর্মচারীর নাম: জনাব বিধান সরকার (গ্রেড ১৩):

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতা | ১০ | ১০ |
| ২. | সেবা প্রদানে দক্ষতা | ১০ | ৯ |
| ৩. | সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ১০ | ৯ |
| ৪. | উদ্ভাবন ও সংস্কারমূলক কাজে আগ্রহ | ১০ | ৯ |
| ৫. | কম্পিউটার ব্যবহার ও ই-কমিউনিকেশনে দক্ষতা | ১০ | ৮ |
| ৬. | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ | ১০ |
| ৭. | নথি ব্যবস্থাপনায় দক্ষতা | ১০ | ৯ |
| ৮. | দাপ্তরিক গোপনীয়তা রক্ষা | ১০ | ৯ |
| ৯. | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ | ১০ |
| ১০. | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ | ১০ |
| | মোট | ১০০ | ৯৩ |

(গ) গ্রেড-১৭ হতে গ্রেড-২০:

(১) সভায় নীতিমালা অনুযায়ী গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারী পর্যায়ে প্রণীত মূল্যায়ন সূচক ও প্রাপ্ত নম্বরের ভিত্তিতে জনাব আকলিমা বেগম, অফিস সহায়ক (গ্রেড ১৯), কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা ও জনাব মোঃ আমিনুল ইসলাম, অফিস সহায়ক (গ্রেড ১৯), কর পরির্দশন পরিদপ্তর, ঢাকা কে সেরা কর্মচারী হিসেবে যৌথভাবে মনোনয়নের বিষয়ে বাছাই কমিটির সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উভয়ের প্রাপ্ত নম্বর নিম্নে প্রদত্ত হলো:

কর্মচারীর নাম: জনাব আকলিমা বেগম (গ্রেড ১৯):

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতা | ১০ | ১০ |
| ২. | সেবা প্রদানে দক্ষতা | ১০ | ৮ |
| ৩. | সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ১০ | ১০ |

CamScanner

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ৪. | দাপ্তরিক গোপনীয়তা রক্ষা | ১০ | ৯ |
| ৫. | দাপ্তরিক নিরাপত্তা সচেতনতা | ১০ | ৯ |
| ৬. | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ | ৯ |
| ৭. | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ | ৯ |
| ৮. | পরিষ্কার পরিচ্ছন্নতা | ১০ | ৮ |
| ৯. | যথাযথ পোষাক পরিধান | ১০ | ৯ |
| ১০. | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ | ৮ |
| | মোট | ১০০ | ৮৯ |

কর্মচারীর নাম: জনাব মোঃ আমিনুল ইসলাম (গ্রেড ১৯):

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতা | ১০ | ১০ |
| ২. | সেবা প্রদানে দক্ষতা | ১০ | ৯ |
| ৩. | সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ১০ | ৯ |
| ৪. | দাপ্তরিক গোপনীয়তা রক্ষা | ১০ | ৯ |
| ৫. | দাপ্তরিক নিরাপত্তা সচেতনতা | ১০ | ৯ |
| ৬. | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ | ৯ |
| ৭. | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ | ৯ |
| ৮. | পরিষ্কার পরিচ্ছন্নতা | ১০ | ৮ |
| ৯. | যথাযথ পোষাক পরিধান | ১০ | ৮ |
| ১০. | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ | ৯ |
| | মোট | ১০০ | ৮৯ |

০৪। ২০২৩-২০২৪ অর্থ বছরে কর পরিদর্শন পরিদপ্তরের 'শুদ্ধাচার' সংক্রান্ত অর্থনৈতিক কোড/খাতে (১১১০২১৮১০৩২৩১-৩২৫৭১০৬) বরাদ্দকৃত ১,৬০,০০০/ (এক লক্ষ ষাট হাজার) টাকা হতে উপরিউক্ত ৫ জন কর্মচারীর প্রত্যেককে তাদের এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ, সনদ ও ক্রেস্ট বাবদ ব্যয় মিটানো হবে।

<u>সিদ্ধান্তঃ</u> সার্বিক পর্যালোচনা ও মূল্যায়নের ভিত্তিতে শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ এর আলোকে কর পরিদর্শন পরিদপ্তরের ২০২৩-২০২৪ অর্থ বছরে নিম্নবর্ণিত কর্মকর্তা ও কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | ক্যাটাগরি | কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | পুরস্কারের বিবরণ |
|---|---|---|---|
| ১ | জাতীয় বেতন স্কেলের গ্রেড ২ হতে গ্রেড ৯ ভুক্ত কর্মকর্তা | সেরা কর্মকর্তাঃ<br>জনাব রুখসানা হক, অতিরিক্ত মহাপরিচালক (পরিদর্শন-১) | ১) প্রত্যেকে একমাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ,<br>২) একটি করে সনদ ও<br>৩) একটি করে ক্রেস্ট |
| ২ | জাতীয় বেতন স্কেলের গ্রেড ১০ হতে গ্রেড ১৬ ভুক্ত কর্মচারী | যৌথভাবে সেরা কর্মচারীঃ<br>১। জনাব অন্তরা সরকার, কর পরিদর্শক<br>২। জনাব বিধান সরকার, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | |
| ৩ | জাতীয় বেতন স্কেলের গ্রেড ১৭ হতে গ্রেড ২০ ভুক্ত কর্মকর্তা | যৌথভাবে সেরা কর্মচারীঃ<br>১। জনাব আকলিমা বেগম, অফিস সহায়ক<br>২। জনাব মোঃ আমিনুল ইসলাম, অফিস সহায়ক | |

CamScanner

পরিশেষে অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

৭/৫/২০২৪
(ফারহানা শেখ)
উপ মহাপরিচালক (প্রশাসন)
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা
ও
সদস্য সচিব
শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন)
নীতিমালা, ২০২১ সংক্রান্ত কমিটি
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।

০৭/০৫/২৪
(মোঃ সফিউল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক (পরিদর্শন-৩)
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা
ও
সদস্য
শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন)
নীতিমালা, ২০২১ সংক্রান্ত কমিটি
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।

৭/৫/২০২৪
(শাওন চৌধুরী)
অতিরিক্ত মহাপরিচালক (পরিদর্শন-২)
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা
ও
সদস্য
শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন)
নীতিমালা, ২০২১ সংক্রান্ত কমিটি
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।

০৭/০৫/২০২৪
(রুখসানা হক)
অতিরিক্ত মহাপরিচালক (পরিদর্শন-১)
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা
ও
সদস্য
শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন)
নীতিমালা, ২০২১ সংক্রান্ত কমিটি
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।

৭/৫/২০২৪
(মোঃ সিরাজুল করিম)
মহাপরিচালক
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা
ও
সভাপতি
শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন)
নীতিমালা, ২০২১ সংক্রান্ত কমিটি
কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা।

CamScanner